



স্মারক: নোবিপ্রবি/আইআইটি/MSSE/২০২৫/ ৪ ৪৭৭

তারিখ: ১৩ জানুয়ারি ২০২৫

Master of Science in Software Engineering (MSSE) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) তে Master of Science in Software Engineering (MSSE) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতা:

০১. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট হতে BSSE/CSE/ CSTE বিষয়ে ০৪(চার) বছরের স্নাতক ডিগ্রী থাকতে হবে।
০২. প্রার্থীর স্নাতক পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ২.৫ থাকতে হবে।

ভর্তির নিয়মাবলী:

- ০১। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ইনস্টিটিউটের অফিস থেকে ১৫/০১/২০২৫ হতে ১৩/০২/২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। সাক্ষাতকারের তারিখ পরবর্তীতে জানানো হবে।
- ০২। আবেদনের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:
 - ক) শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার শ্রেণীশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
 - খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
 - গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
- ০৩। আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা।
- ০৪। চাকরিতর প্রার্থীদের নিজ নিজ নিয়োগকারী প্রতিষ্ঠান হতে অধ্যয়নকালীন সময় ক্লাসে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথাযথ সম্পাদনের জন্য ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ০৫। ইনস্টিটিউটের ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থীরা পূর্বে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত কি-না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।
- ০৬। প্রার্থীদের আবেদন বিবেচনা করে ভর্তি কমিটি ভর্তির জন্য সুপারিশ করবেন।
- ০৭। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।
- ০৮। ভর্তি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে

মোহাম্মদ নিজাম উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি:

০১. সকল ডিন।
০২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
০৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
০৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দফতর, নোবিপ্রবি।(পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি।(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপাচার্য দফতর, নোবিপ্রবি।
০৭. উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপ-উপাচার্য দফতর, নোবিপ্রবি।
০৮. কোষাধ্যক্ষ মহোদয়ের একান্ত সচিব, কোষাধ্যক্ষ দফতর, নোবিপ্রবি।
০৯. নথি।
১০. মহানথি।